# Class – IV
## Subject – 2nd Language Bengali

### কবিতা : "মা আমার" - কামিনী রায়

# Worksheet

**কবিতার সারসংক্ষেপ :**

কবি কামিনী রায় " মা আমার " কবিতায় জন্মভূমিকে মায়ের আসনে বসিয়ে তার পায়ে নিজের জীবনকে উৎসর্গ করার কথা বলেছেন। পরাধীন দেশমাতার দুঃখ কবির মনকে গভীরভাবে বিচলিত করেছে। দেশের কাজ ছাড়া কবি তার জীবনে অন্য কিছুর প্রাধান্য দিতে চান না। দেশের কাজে জীবন বিসর্জনের বাসনা বা ইচ্ছা অপর দেশবাসীর মনে যাতে প্রেরণা দেয় কবি সেই ভাবনাও মনে পোষণ করেছেন। এই কবিতায় কবি দেশমাতা বলতে ভারতমাতাকে বুঝিয়েছেন এবং তার অতীত ঐতিহ্যের কথাও দেশবাসীকে স্মরণ করিয়েছেন। অতীতকাল থেকে যে ভারতমাতা বিভিন্ন জাতির মানুষের ভাষা, ধর্ম ও শিক্ষার মধ্যে এক ঐক্য স্থাপন করেছে সেই দেশমাতাকে যতদিন না পরাধীনতার গ্লানি থেকে কবি মুক্ত করতে পারছেন ততদিন তিনি নিজের তুচ্ছ প্রাণ বিসর্জনের ভাবনা থেকে বিরত থাকতে চান না।

এককথায় বলা যায় "মা আমার" কবিতায় কবি কামিনী রায়ের দেশের প্রতি একনিষ্ঠতা , শ্রদ্ধা ও নিঃস্বার্থ আত্মত্যাগের বাসনা প্রকাশ পেয়েছে।

প্রঃ(১) 'মা আমার' কবিতাটি মুখস্থ করে লেখো :-

প্রঃ(২) **নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-**

' হাসিবার কাঁদিবার অবসর নাহি আর'

(ক) কোন্ কবিতায় এই কথাটি কে বলেছেন ?
(খ) তার হাসিবার ও কাঁদিবার সময় নেই কেন ?
(গ) তিনি কাকে কি কারণে দুঃখিনী বলেছেন ?

প্রঃ(৩) **নীচের শব্দগুলির অর্থ লেখো :-**

অবসর , অনিবার , বিষাদময় , ডালি , হিয়া , বিসর্জন , কলঙ্ক

প্রঃ(৪) **শূন্যস্থান পূরণ করো :-**

(ক) ছোটোখাটো ...................... -কে ...................... রাখে তার।
(খ) ...................... দিনে না ঘুচিবে তোমার ...................... , থাক ................ ,
...................... প্রাণ-মা আমার , ...................... ......................।
(গ) ...................... কথা কহি ...................... যদি যায় , সে ...................... কহিব না,
হৃদয়ে ...................... তায়।
(ঘ) ...................... যদি কোনো গান , গাব তবে ..................।

**পাঠমালা : Desk Work**
**জ্ঞানমূলক প্রশ্ন : পৃষ্ঠা - ৮**

প্রঃ(৩) " সে কথাও কহিব না , হৃদয়ে জপিব তায়,"

(ক) সে কথা কি ?
(খ) সে কথা বলবেন না কেন ?
(গ) সে কথাকে কোথায় রাখবেন ?
(ঘ) দেশের বর্তমান কোন্ অবস্থার জন্য কবির হৃদয় বিষাদময় ?

**প্রয়োগমূলক ও ব্যাকরণভিত্তিক প্রশ্ন :- পৃষ্ঠা - ৮ ও ১০**

প্রঃ(ক) **নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো :-**

হাসি , অবসর , দুঃখ , অতীত , প্রাণ

প্রঃ(ঙ) **নীচে দেওয়া শব্দগুলির বিপরীত শব্দ কবিতা থেকে নিয়ে বসাও :-**

মরণ , আবাহন , ভবিষ্যৎ , সুখ , কান্না , বাঁচিব

## পাঠমালা :- **Reader Book**

### বাড়ির কাজ পৃষ্ঠা - ১৫

পাঠ-অভ্যাস

**নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক** প্রশ্নাবলি :-

প্রঃ(৪) **নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো :-**

জীবন , বিসর্জন , দুঃখ , হিসাব , কথা

প্রঃ(৭) **ঠিক উত্তরের পাশে ( √) চিহ্ন ও ভুল উত্তরের পাশে ( ×) চিহ্ন দাও :-**

(ক) কবির কাছে জন্মভূমি মায়ের মতো।..........................

(খ) নিজের সুখ দুঃখকে কবি বড়ো করে দেখেন।....................

(গ) কবি জন্মভূমির জন্য নিজের প্রাণ বিসর্জন দিতে চান।..................

(ঘ) দেশমাতার কলঙ্কের জন্য কবির জীবন বিষাদময়।....................